তথ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সখ্যা	কারিগরি প্রকল্পে সখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	তথ্য মন্ত্রণালয়	০১ টি	০১ টি	০০ টি	০০ টি	০০ টি	১ টি	৬০%	০০ টি	%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ০১ টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-১)	(ক) প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায়নি, মূল ডিপিপি অনুযায়ী প্রকল্প ব্যয় ৫.৫২% কম হয়েছে। (খ) সংশোধন অনুযায়ী প্রকল্পের Scope বৃদ্ধি পাওয়ায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (১-পর্যায়)			
১.	বঙ্গবন্ধু ফিল্মসিটিতে প্রবেশের জন্য প্রশস্ত ও উন্নত মানের নিরাপদ সড়ক নেই, ফলে শিল্পী, অফিসিয়াল এবং গণ্যমান্য ব্যাক্তিগণ কার, পাজেরো ও বাস ব্যবহার করে ফিল্ম সিটিতে সহজে আসাযাওয়া করতে পারেনা;	১.	বিএফডিসি এবং তথ্য মন্ত্রণালয়কে প্রকল্পের গুরুত্ব অনুধাবনপূর্বক জিরানীবাজার পয়েন্ট হতে বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি পর্যন্ত বিদ্যমান সড়কটি প্রশস্থকরণ ও মেরামত করার উদ্যো গ গ্রহণ করতে হবে;
২.	• ফিল্ম সিটিতে নির্মিত স্থাপনা, শুটিং স্পট এবং সংগৃহীত সম্পদসমূহের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের অভাব লক্ষনীয়, ফলে অচিরেই নষ্ট হয়ে যাবার সম্ভাবনা রয়েছে;	২.	• প্রকল্পের আওতার নির্মিত শুটিং স্পটে র বিভিন্ন স্থাপনা এবং সংগৃহীত সম্পদসমূহ হতে রাজস্ব আয়ের জন্য বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণ করতে হবে;
	• প্রকল্প এলাকার শুটিং স্পটের বি ভিন্ন স্থাপনা এবং সংগৃহীত সম্পদসমূহের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হয়নি , ফলে এখানে সিকিউরিটির তীব্র অভাব লক্ষণীয়;		• শুটিং স্পট এর নির্মিত স্থাপনা ও সংগৃহীত সম্পদসমূহ রক্ষনাবেক্ষনের বাস্ত বভিত্তিক উদ্যোগ গ্রহণ করতে হবে;

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (১-পর্যায়)			
	• প্রকল্পের বিভিন্ন বাগান-ঝোপ ঝাড় অত্যন্ত অগোছাল অবস্থায় রয়েছে ফলে পরিস্কার পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই। • প্রকল্পের আওতায় নির্মিত শুটিং স্পটটি শুধূ মাত্র শুটিং করার জন্যই নির্মিত হয়েছে এখানে একটি পূণাঙ্গ ডিজিটাল স্টুডিও ও ডিজিটাল অডিও-ভিডিও ল্যাব –যন্ত্রপাতি, সাউন্ড সিষ্টেম ও এ ধরণের পারদর্শী টেকনিশিয়ান কলাকৌশলী না থাকায় সার্বিকভাবে এটি একটি রিসোর্ট সেন্টার নির্মিত হয়েছে বলে প্রতিয়মান হয়; • বিশাল এ ফিল্ম সিটিতে বিভিন্ন কাজে বহূ স্টাফ প্রয়োজন এবং পাশাপাশি ষ্টাফদের থাকার কোন ডরমিটরী বা কোয়াটার নেই; • আশেপাশে কোন ভালো মার্কেট বা সপিং সেন্টার ও মেডিকেল ফ্যাসিলিটি নেই,		প্রকল্প এলাকার স্থাপনা ও সংগৃহীত সম্পদসমূহের নিরাপত্তাসহ পরিস্কার পরিচ্ছন্নতার জন্য দ্রুত উপুযুক্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মীসহ সকল জনবল নিয়োগ করতে হবে;
৩.	প্রকল্পের আওতায় ক্রয়কৃত ডাবল কেবিন পিকআপ গাড়ি রাজস্ব খাতে ট্রান্সফার প্রক্রিয়াধীন ।	৩.	প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষ্যে বিদ্যমান বিধিবিধানসমূহ প্রতিপালনপূর্বক মন্ত্রণালয়ের মাধ্যমে দ্রুত সমাধানপূর্বক আইএমইডি'কে অবহিত করতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-১) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ৩০ জুন ২০১৮ ইং)

১। প্রকল্পের নাম : বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-১)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়

৩। বাস্তবায়ন সংস্থা : বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি)

৪। প্রকল্পের বাস্তবায়ন সময়কাল ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত	অতিক্রান্ত ব্যয়	অতিক্রান্ত সময়
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)	ব্যয় সর্বমোট টাকা (বৈ:মু:)	মূল	সর্বশেষ সংশোধিত	বাস্তবায়নকাল	(মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	(মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৮০.০০	২০৭৩.০০	১৮৭০.৫৭	অক্টোবর ২০১৫ হতে জুন ২০১৭	অক্টোবর ২০১৫ হতে জুন ২০১৮	ডিসেম্বর ২০১৫ হতে জুন ২০১৮	-----	১ বছর ৬০%

৫। প্রকল্পেরঅবস্থান: আন্দারমানিক, কালিয়াকৈর, গাজীপুর।

৬। প্রকল্পের অর্থায়ন: জিওবি।

৭। অংগভিত্তিক ব্যয় বিবরণী:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষমাত্রা		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারন
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
ক)		**রাজস্ব**						
১।		সম্মানী ও ভাতা	থোক	২৩.৬০	থোক	৭.০০	থোক	
২।		গ্যাস ও জ্বালানী	থোক	৫.০০	থোক	৪.৭০	থোক	
৩।		প্রিন্টিং	থোক	১.১৫	থোক	১.১৫	থোক	
৪।		স্টেশনারী	থোক	২.৩০	থোক	২.৩০	থোক	
৫।		প্রকাশনা ও বিজ্ঞপ্তি	থোক	২.৮৫	থোক	২.৮৫	থোক	
৬।		পরামর্শক ফি	থোক	১০০.০০	থোক	৯৯.৫২	থোক	
৭।		যানবাহন রক্ষনাবেক্ষণ	থোক	৪.০০	থোক	২.৫০	থোক	
৮।		বিবিধ	থোক	৪.৬০	থোক	৪.৬০	থোক	
মোট রাজস্ব			---	১৪৩.৫০	---	১২৪.৬২	---	
খ)		মূলধন (সম্পদ)						
১।		জমি ক্রয়/ অধিগ্রহন	শতাংশ	২২৫.০০	৫০	১২১.০০	৪৬	
২।		ডাবল কেবিন পিক আপ	সংখ্যা	৪৬.৫০	১ টি	৪৬.৪৫	১ টি	
৩।		ডেস্কটপ কম্পিউটার	সেট	১৪.৫০	১০	১৪.৫০	১০	
৪।		ল্যাপটপ	৪ সেট		৪		৪	
৫।		লেজার প্রিন্টার	সংখ্যা		৬		৬	
৬।		কম্পিউটার চেয়ার-টেবিল	সেট		১০		১০	
৭।		সাইবার ক্যাফে	থোক	১.৫০	থোক	১.৫০	থোক	
৮।		ফটোকপিয়ার ও ফ্যাক্স মেশিন	২ সেট	৩.০০	২	২.৮০	২	

ক্রমিক নং	কোড নং	প্রধান আইটেম/অংগভিত্তিক কার্যক্রম	পরিমান	লক্ষমাত্রা		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারন
				আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	
৯।		শীতাতাপ নিয়ন্ত্রণ যন্ত্র	সংখ্যা	২২.৫০	১৫	২২.০০	১৫	
১০।		ব্যাটারী চালিত নৌকা	সেট	৩৫.০০	৪	৩৩.৩২	৪	
১১।		খেলনা গাড়ী (ব্যাটারী চালিত)	সেট	২২.০০	৪ সেট	----	----	
১২।		আসবাবপত্র	থোক	৪০.০০	থোক	৩৯.৭৫	থোক	
		মূলধন (কার্য)						
১৩।		বাউন্ডারী ওয়াল	রানিং মিটার	২৮৫.০০	১৫৯৫	২৬৯.৮৬	১৩৭৪	
১৪।		এন্ট্রি গেট	সংখ্যা	৪৪.০০	২	৪৩.৮৬	২	
১৫।		অফিস কাম ডরমেটিরী ভবন	বর্গ ফুট	৪০৮.০০	১৬০০০	৪০৭.৯১	১৬০০০	
১৬।		অভ্যন্তরীন রাস্তা	বর্গ ফুট	৬৯.০০	৪৫০০০	৬৮.৬২	৫৩০০০	
১৭।		শুটিং ব্রীজ	সংখ্যা	২০.০০	১	১৭.৯৭	১	
১৮।		ডিপ টিউবয়েল ও স্যালো টিউবয়েল	সংখ্যা	৬০.০০	ডিপ-১ স্যালো-১	৫৯.৯৭	ডিপ-১ স্যালো-১	
১৯।		ডিজেল জেনারেটর (২০০ কেভিএ)	সংখ্যা	৩০.০০	১	৩০.০০	১	
২০।		ইলেকট্রিক সাব-স্টেশন (৫০০ কেভিএ)	সংখ্যা	৬৯.০০	১	৬৯.০০	১	
২১।		বিদ্যমান সাব স্টেশন সংস্কার (৩৫০ কেভিএ)	থোক	১০.০০	থোক	১০.০০	থোক	
২২।		এইচটি ক্যাবল	মিটার	২৩.০০	১০০	২৩.০০	১০০	
২৩।		এলটি ক্যাবল	মিটার	৯২.০০	২০০০	৯২.০০	২০০০	
২৪।		স্ট্রীট লাইট	সংখ্যা	৫০.০০	৫০	৪৯.৯৫	৫০	
২৫।		লেক এবং পুকুর ঘাট	সংখ্যা	২৫.০০	২	২০.৩৭	২	
২৬।		শুটিং রেস্টুরেন্ট	বর্গ মিটার	২৩.০০	১৮০	২২.৮১	১৮০	
২৭।		মেকাপ রুম ডেকোরেশন	সংখ্যা	২৩.০০	৪	২০.৩৩	৪	
২৮।		কার প্লে গ্রাউন্ড	বর্গ মিটার	৩০.০০	৭৩২	২৭.৯৪	৭৩৫	
২৯।		প্লাটফর্ম এ্যান্ড সেড	বর্গ ফুট	১০.০০	৬০০	৯.৯৫	৬০০	
৩০।		গ্রাম্য বাড়ী (বিভিন্ন রকম)	সংখ্যা	৯২.০০	৪	৯১.৯৬	৪	
৩১।		গ্রাম্য বাজার	সংখ্যা	২৩.০০	১	১৯.৯৫	১	
৩২।		বাগান	সংখ্যা	২১.৫০	২	১৯.৯৫	২	
৩৩।		বনায়ন	থোক	১০.০০	থোক	৯.৯৪	থোক	
৩৪।		বিদ্যমান অবকাঠামো সংস্কার	থোক	৩২.০০	থোক	৩২.০০	থোক	
৩৫।		বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট	সংখ্যা	৫০.০০	১	৪৭.২৯	১	
৩৬।		গ্যাস লাইন সংযোগ	থোক	২০.০০	থোক	---	---	
			মোট মূলধন	১৯২৯.৫		১৭৪৫.৯৫		
			সর্বমোট (রাজস্ব+মুলধন)	**২০৭৩.০০**		**১৮৭০.৫৭**		

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সময়মত ঠিকাদার কর্তৃক খেলনা গাড়ী সরবারহ না করা এবং তিতাস গ্যাস কোম্পানী কর্তৃক অনুমোদন না পাওয়ায় এই অংগগুলোর কাজ অসমাপ্ত রয়ে গেছে যা প্রকল্পের দ্বিতীয় পর্যায় বাস্তবায়নকালে সম্পন্ন করা সম্ভব হবে।

৯। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য:

৯.১। প্রকল্পের পটভূমি:

দেশের চলচ্চিত্র শিল্পের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১২ সালে ঢাকার বংগবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় চলচ্চিত্র পুরস্কার বিতরণী অনুষ্ঠানে একটি ফিল্ম সিটি প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ি চলচ্চিত্র নির্মাতাদের জন্য শুটিং সুবিধা বিশেষ করে আউটডোর শুটিং এর জন্য ঢাকার অদূরে কবীরপুরে বিএফডিসির ১০৫ একর জমিতে বংগবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি প্রতিষ্ঠা করা হচ্ছে। একাধিক পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে এখানে পুর্ণাংগ একটি ফিল্ম সিটি প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে। অক্টোবর ২০১৫ হতে জুন ২০১৮ মেয়াদে ২০ কোটি ৭৩ লাখ টাকা ব্যয়ে প্রথম পর্যায়ের কাজ ১৮ কোটি ৭০ লক্ষ সাতান্ন হাজার টাকা ব্যয়ে সম্পন্ন করাহয় । প্রকল্পটি নির্ধারিত সময় তথা জুন ২০১৮ মাসে শেষ হয়েছে।

৯.২ প্রকল্পের উদ্দেশ্য:

- চলচ্চিত্র নির্মাতাদের জন্য আউটডোর শুটিং সুবিধা সৃষ্টির পাশাপাশি নিরাপদ পরিবেশ সৃষ্টি করা যাতে তারা বিশ্বমানসম্পন্ন চলচ্চিত্র নির্মাণ করতে সক্ষম হন।
- শিল্পী-কলাকুশলীদের জন্য উন্নত এবং সুবিধাজনক পরিবেশে অবস্থান করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা।
- চলচ্চিত্র নির্মাতাদের আউটডোর শুটিং এর জন্য বিদেশ গমনের প্রবণতা হ্রাস করা।
- কর্পোরেশন তথা সরকার এর রাজস্ব আয় বৃদ্ধি করা্র পাশাপাশি বৈদেশিক মুদ্রার সাশ্রয় ঘটানো।
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা সমাধান করা।


৯.৩। প্রকল্প অনুমোদন:

প্রকল্পটি ১৯৮০.০০ লক্ষ টাকা ব্যয়ে অক্টোবর ২০১৫ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য পরিকল্পনা কমিশন কর্তৃক ডিসেম্বর ২০১৫ সালে অনুমোদনলাভ করে। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৮ তারিখ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। ১০ জুন ২০১৮ তারিখে প্রকল্পের মেয়াদ সংশোধন করে প্রকল্প ব্যয় ২৭৩.০০ লক্ষ টাকায় নির্দ্ধারন করা হয়।

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি: সার্বিক ফিজিক্যাল অগ্রগতি ৯০.৭২% এবং আর্থিক অগ্রগতি ৯০.২৩%।

সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি

অর্থবছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষমাত্রা				অর্থ ছাড়	ব্যয়ও ভৌত অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	ভৌত(%)		মোট	টাকা	পিএ	ভৌত (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৫-১৬	১০০.০০	১০০.০০	-	৪.৮২%	১০০.০০	৯৬.০০	৯৬.০০	-	৪.৮২%
২০১৬-১৭	১৩০০.০০	১৩০০.০০	-	৬২.৭২%	১৩০০.০০	১৩০০.০০	১৩০০.০০	-	৬২.৭২%
২০১৭-১৮	৬৭৩.০০	৬৭৩.০০	-	৩২.৪৬%	৫৮০.০০	৪৭৪.৫৭	৪৭৪.৫৭	-	২৩.৪১%
মোট	২০৭৩.০০	২০৭৩.০০	-	১০০%	১৯৮০.০০	১৮৭০.৫৭	১৮৭০.৫৭	-	৯০.৭২%



বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্মসিটি ৩ বছর মেয়াদে ২০১৫ -১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে মোট প্রাক্কলিত ব্যয় ছিল ২০৭৩.০০ লক্ষ টাকা , অর্থছাড় করা হয় ১৯৮০ .০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হয় ১৮৭০ .৫৭ লক্ষ টাকা। উদ্বৃত্ত (১৯৮০.০০ - ১৮৭০.৫৭) ১০৯.৪৩ লক্ষ টাকা চালানের মাধ্যমে ব্যাংকের কোষাগারে জমা দেয়া হয়েছে। (চালান সংযুক্ত: চালান-১: ৯৮.৬৭ লক্ষ টাকা , চালান-২: ৪.০০ লক্ষ টাকা এবং চালান-৩: ৬.৭৬ লক্ষ টাকা)।

১১। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া :

প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়ায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এর উপর ভিত্তি করে এবং মূল ডিপিপি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে , যা সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়। এছাড়া প্রকল্পের আওতায় সংগৃহীত পন্যসহ বিভিন্ন সম্পদের গুনগত মান পরীক্ষা করা হয়।

১২। প্রকল্প পরিদর্শন ও **পর্যবেক্ষণ :**

পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের নিয়মিত পরিদর্শনের অংশ হিসেবে পরিচালক (উপসচিব) জনাব মো: আমিনুল হক গত ২১/০৯/২০১৯ইং তারিখে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনেরঅধীন বাস্তবায়িত বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়- ১) শীর্ষক প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মূল্যায়নের জন্য পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক যুগ্ম সচিব জনাব মোহাম্মদ আজম (বর্তমানে সদস্য, স্পারসো হিসেবে কর্মরত) , প্রকল্প প্রকৌশলীগণ এবং ফিল্ম সিটিতে দায়িত্ব পালনরত কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন কর্মকান্ড সর্ম্পকে অবহিত করেন।

১২.১ চিত্রে বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি (পর্যায়-১) শীর্ষক প্রকল্প



চিত্র ১: বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্মসিটি 'র রেষ্টরুম ও ফুলের বাগান



চিত্র২: বঙ্গবন্ধু ফিল্মসিটি'র মূল গেইট।



চিত্র ৩: গ্রামীণ হাট বাজার



চিত্র ৪: বঙ্গবন্ধু ফিল্মসিটি'র ডরমিটরী ও অফিস ভবন।



চিত্র ৫: বঙ্গবন্ধূ ফিল্মসিটি'র রেষ্টুরেন্ট ও মূল সিটির মাঝে লেকের উপর নির্মিত লোহার ব্রিজ।



চিত্র ৬: বঙ্গবন্ধু ফিল্মসিটি'র ষ্ট্রীট লাইট



চিত্র ৭: বঙ্গবন্ধু ফিল্মসিটি'র নিম্ন বিত্ত, মধ্য বিত্ত ও উচ্চ বিত্তের গ্রামীন বাড়ী



চিত্র ৮: মেই



চিত্র ৯: ফিল্মসিটতে লেকের পাশে নির্মত ঘাটলা



চিত্র ১০: কার রেসিং হাউজ




চিত্র ১১: শুটিং রেষ্টুরেন্ট



চিত্র১২; লেকের উপর নির্মিত শুটিং ব্রিজ।



চিত্র ১৩: ফ্লাটফরম




চিত্র ১৪: মেকআপ রুম





চিত্র ১৫: লেকের ঘাটলা।





চিত্র ১৬: অভ্যন্তরীন সড়ক ও নির্মিত লেক।



চিত্র ১৭: শুটিং স্পটে বেবিদের খেলার জন্য খেলার সেড।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন |

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১.	জনাব মোহাম্মদ আজম	প্রকল্প পরিচালক	অতিরিক্ত	১৬ জানুয়ারী ২০১৬ হতে ৩০ জুন ২০১৮

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) চলচ্চিত্র নির্মাতাদের জন্য আউটডোর শুটিং সুবিধা সৃষ্টির পাশাপাশি নিরাপদ পরিবেশ সৃষ্টি করা যাতে তারা বিশ্বমানসম্পন্ন চলচ্চিত্র নির্মাণ করতে সক্ষম হন।	প্রকল্পের ১ম পর্যায়ের কাজের শতভাগ অর্জন হয়েছে।
খ) শিল্পী-কলাকুশলীদের জন্য উন্নত এবং সুবিধাজনক পরিবেশে অবস্থান করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা।	প্রকল্পের ১ম পর্যায়ের কাজের শতভাগ অর্জন হয়েছে।
গ) চলচ্চিত্র নির্মাতাদের আউটডোর শুটিং এর জন্য বিদেশ গমনের প্রবণতা হ্রাস করা।	প্রকল্পের ১ম পর্যায়ের কাজের শতভাগ অর্জন হবে।
ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা সমাধান করা।	প্রকল্পের ১ম পর্যায়ের কাজের শতভাগ অর্জন হয়েছে।

১৫.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

ট্রান্সপোর্ট ক্রয় (সংখ্যা)

ট্রান্সপোর্ট সংখ্যা	পিপি অনুযায়ী সংখ্যা	ক্রয় তারিখ	ট্রান্সপোর্ট পুলে প্রেরণের তারিখ	ও এন্ড এম প্রেরণের তারিখ	কনডেম/ড্যামেজের তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
ডাবল কেবিন পিক আপ	১	জুন, ২০১৬	-	-	-	রাজস্ব খাতে স্থানান্তর প্রক্রিয়া শুরু হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অবহিত করেছেন।

পণ্য, নির্মাণ ও পরামর্শ সেবা ক্রয়:

পণ্য,নির্মাণ ও সেবা ক্রয়ের বিবরণ	টেন্ডার কস্ট (লক্ষ টাকা)		টেন্ডার/বিড/প্রফোজাল		চুক্তি সম্পাদানের তারিখ	
	পিপি অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
পরামর্শ সেবা	১০০.০০	৯৯.০০	জুন ২০১৬	নভেম্বর ২০১৬	৩০/০৬/২০১৭	৩০/০৬/২০১৭
অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ	৪০৮.০০	৪০৮.০০	১৮ ডিসেম্বর ২০১৬	৮ ফেব্রুয়ারী ২০১৭	২৮ সেপ্টেম্বর ২০১৭	২৫ জুন ২০১৮
বাউন্ডারী ওয়াল	২৮৫.০০	২৭০.০০	১০ অক্টোবর ২০১৬	২৭ ডিসেম্বর ২০১৭	৩১/১২/২০১৭	৩১/১২/২০১৭

১৬.১ প্রাপ্ত সমস্যা:

- বঙ্গবন্ধু ফিল্মসিটিতে প্রবেশের জন্য প্রশস্ত ও উন্নত মানের নিরাপদ সড়ক নেই, ফলে শিল্পী, অফিসিয়াল এবং গণ্যমান্য ব্যাক্তিগণ কার, পাজেরো ও বাস ব্যবহার করে ফিল্ম সিটিতে সহজে আসা যাওয়া করতে পারে না;
- ফিল্মি সিটিতে নির্মিত স্থাপনা ,শুটিং স্পট এবং সংগৃহীত সম্পদসমূহের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের অভাব লক্ষনীয়, ফলে অচিরেই নষ্ট হয়ে যাবার সম্ভাবনা রয়েছে;
- প্রকল্প এলাকার শুটিং স্পটের বি ভিন্ন স্থাপনা এবং সংগৃহীত সম্পদসমূহের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হয়নি ফলে এখানে সিকিউরিটির তীব্র অভাব লক্ষণীয়;
- প্রকল্পের বিভিন্ন বাগান-ঝোপ ঝাড় অত্যন্ত আগোছাল অবস্থায় রয়েছে ফলে পরিস্কার পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই।
- প্রকল্পের আওতায় নির্মিত শুটিং স্পটটি শুধু মাত্র শুটিং করার জন্যই নির্মিত হয়েছে এখানে একটি পূণাঙ্গ ডিজিটাল স্টুডিও ও ডিজিটাল অডিও-ভিডিও ল্যাব –যন্ত্রপাতি, সাউন্ড সিষ্টেম ও এ ধরণের পারদর্শী টেকনিশিয়ান কলাকৌশলী না থাকায় সার্বিকভাবে এটি একটি রিসোর্ট সেন্টার নির্মিত হয়েছে বলে প্রতিয়মান হয়;
- বিশাল এ ফিল্মিসিটিতে বিভিন্ন কাজে বহূ স্টাফ প্রয়োজন এবং পাশাপাশি ষ্টাফদের থাকার কোন ডরমিটরী বা কোয়াটার নেই;
- আশেপাশে কোন ভালো মার্কেট বা সপিং সেন্টার ও মেডিকেল ফ্যাসিলিটি নেই,
- প্রকল্পের আওতায় ক্রয়কৃত ডাবল কেবিন পিকআপ গাড়ি রাজস্ব খাতে ট্রান্সফার প্রক্রিয়াধীন ।

১৬.২ সুপারিশ/ মতামত:

১) বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি পূর্ণাংগ ফিল্ম সিটিতে পরিণত করার লক্ষ্যে বাস্তব ভিত্তিক আশু প্রদক্ষেপ নেয়া প্রয়োজন;

২) বিএফডিসি এবং তথ্য মন্ত্রণালয়কে প্রকল্পের গুরুত্ব অনুধাবনপূর্বক জিরানীবাজার পয়েন্ট হতে বঙ্গবন্ধু শেখ মুজিব ফিল্ম সিটি পর্যন্ত বিদ্যমান সড়কটি প্রশস্থকরণও মেরামত করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩) প্রকল্পের আওতার নির্মিত শুটিং স্পটে র বিভিন্ন স্থাপনা এবং সংগৃহীত সম্পদসমূহ হতে রাজস্ব আয়ের জন্য বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণ করতে হবে;

৪) শুটিং স্পট এর নির্মিত স্থাপনা ও সংগৃহীত সম্পদসমূহ রক্ষনাবেক্ষনের বাস্থব ভিত্তিক উদ্যোগ গ্রহণ করতে হবে;

৫) প্রকল্প এলাকার স্থাপনা ও সংগৃহীত সম্পদসমূহের নিরাপত্তাসহ পরিস্কার পরিচ্ছন্নতার জন্য দ্রুত উপযুক্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মীসহ সকল জনবল নিয়োগ করতে হবে;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষ্যে বিদ্যমান বিধিবিধানসমূহ প্রতিপালনপূ র্বক মন্ত্রণালয়ের মাধ্যমে দ্রুত সমাধানপূর্বক আইএমইডি'কে অবহিত করতে হবে।

৭। বর্ণিতবস্থায়, সুপারিশমালার ১ নং -৬ নংপর্যন্ত বিষয়ের উপর গৃহীত ব্যবস্থা আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে।